গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বুড়িচং, কুমিল্লা
www.burichang.comilla.gov.bd

স্মারক নম্বরঃ ০৫.৪২.১৯১৮.০০০.৩১.০০২.২২- ৭০৬ তারিখঃ ২৮.০৬.২০২২ খ্রি.

**পবিত্র ইদ-উল-আযহা, ২০২২ উপলক্ষ্যে গবাদি পশুর অস্থায়ী হাট ইজারা প্রদান দরপত্র বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারনের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা এর ২৮.০৬.২০২২ তারিখের ০৫.৪২.১৯০০.০০৯.৪১.০১৩.২২-৮৮৫ নং স্মারকে প্রেরিত পত্র মোতাবেক বুড়িচং উপজেলাধীন গবাদি পশুর নিম্নলিখিত অস্থায়ী হাট-বাজারসমূহ ২০২২ খ্রিস্টাব্দের জন্য (ইদের চাঁদ দেখার পর হতে ইদের পূর্বদিন পর্যন্ত অনুর্ধ্ব ০২ দিন) ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে নির্ধারিত ফরমে ইচ্ছুক দরদাতাদের নিকট হতে নিম্নলিখিত সময়সূচি ও শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

০২। ইজারা গ্রহণে আগ্রহী/ইচ্ছুক ব্যক্তিগণ জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বুড়িচং, কুমিল্লা, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, বুড়িচং, কুমিল্লা, বুড়িচং থানা, কুমিল্লা ও ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বুড়িচং শাখা, কুমিল্লা হতে নিম্নলিখিত সময়সূচি মোতাবেক দরপত্রের সিডিউল ক্রয় (অফেরতযোগ্য) করতে পারবেন এবং জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা, পুলিশ সুপারের কার্যালয়, কুমিল্লা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বুড়িচং, কুমিল্লা ও সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, বুড়িচং, কুমিল্লায় নির্দিষ্ট সময়ে দরপত্র দাখিল করতে পারবেন।

**সময়সূচিঃ**

| পর্যায় | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার সময় |
|---|---|---|---|
| ১ম | ০৩.০৭.২০২২ খ্রি.<br>বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত | ০৪.০৭.২০২২ খ্রি.<br>দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত | দরপত্র দাখিলের দিনই বিকাল ০৩.০০ ঘটিকার সময় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা ও বাছাই করা হবে। |
| ২য় | ০৫.০৭.২০২২ খ্রি.<br>বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত | ০৬.০৭.২০২২ খ্রি.<br>দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত | |

উপরে উল্লিখিত প্রতি পর্যায়ের পর দরপত্র যাচাই বাছাই কার্যক্রম সম্পন্ন করে হাট-বাজার ইজারা প্রদান করা হবে। প্রতি পর্যায়ের শেষে যে সকল হাট-বাজার ইজারা প্রদান করা সম্ভব হবে না (নিম্নস্বাক্ষরকারীর অফিস ও নোটিশ বোর্ডের মাধ্যমে জানা যাবে) সে সকল হাট-বাজার ইজারার ক্ষেত্রে পরবর্তী পর্যায়ে দরপত্র গ্রহণ করা হবে। এ ব্যাপারে বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হইতে জানা যাবে।

৩। **পবিত্র ইদ-উল-আযহা, ২০২২ উপলক্ষ্যে কুমিল্লা জেলার বুড়িচং উপজেলার অস্থায়ী গবাদী পশুর হাটসমূহের ২০২২ সনে দরপত্রের মূল্য ও বাজারের কাঙ্খিত মূল্যের তালিকা নিম্নরূপঃ**

| ক্রম | বাজারের নাম | ইউনিয়নের নাম | সরকারি মূল্য | সিডিউলের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | দক্ষিণগ্রাম গবাদি পশুর অস্থায়ী হাট | রাজাপুর | ৬৩,০৭০/- | ৫০০/- | |
| ২. | বাকশীমুল গবাদি পশুর অস্থায়ী হাট | বাকশীমূল | ২৭,৬৬৬/- | ৫০০/- | |
| ৩. | পূর্ণমতি গবাদি পশুর অস্থায়ী হাট | বুড়িচং | ৩৮,১১৫/- | ৫০০/- | |
| ৪. | খাড়াতাইয়া নতুন বাজার সংলগ্ন গবাদি পশুর অস্থায়ী হাট | ষোলনল | ৬৬,১৫৬/- | ৫০০/- | |
| ৫. | পয়াত গবাদি পশুর অস্থায়ী হাট | ষোলনল | ১,২৭২/- | ৫০০/- | |
| ৬. | পূর্বহড়া গবাদি পশুর অস্থায়ী হাট | ষোলনল | ১০,১৭৬/- | ৫০০/- | |
| ৭. | ষোলনল বাবুর বাজার গবাদি পশুর অস্থায়ী হাট | ষোলনল | ১,৬৭,৫৮৬/- | ১০০০/- | |
| ৮. | কামারখাড়া ব্রীজ সংলগ্ন গবাদি পশুর অস্থায়ী হাট | ষোলনল | ২৫,৯২২/- | ৫০০/- | |
| ৯. | গোবিন্দপুর গবাদি পশুর অস্থায়ী হাট | পীরযাত্রাপুর | ৩০,২৩৮/- | ৫০০/- | |
| ১০. | কন্ঠনগর গবাদি পশুর অস্থায়ী হাট | পীরযাত্রাপুর | ৫৩,৩৫৩/- | ৫০০/- | |
| ১১. | কোরপাই গবাদি পশুর অস্থায়ী হাট | মোকাম | ৬,০৭৮/- | ৫০০/- | |
| ১২. | নিমসার গবাদি পশুর অস্থায়ী হাট | মোকাম | ৯৩,৮১০/- | ১০০০/- | |
| ১৩. | পরিহলপাড়া গবাদি পশুর অস্থায়ী হাট | মোকাম | ১,১৫৬/- | ৫০০/- | |
| ১৪. | আবিদপুর গবাদি পশুর অস্থায়ী হাট | মোকাম | ২,৫৭৯/- | ৫০০/- | |
| ১৫. | কংশনগর গবাদি পশুর অস্থায়ী হাট | ভারেল্লা (উঃ) | ২,৮৮,৮৬০/- | ১২০০/- | |

৪। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের সমুদয় অর্থ (সর্বমোট ১৩০%) যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বুড়িচং, কুমিল্লা বরাবর দাখিল করতে হবে। দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট, ১০% আয়কর ও ৫% জামানত দরপত্রের সঙ্গে একই সাথে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ করতে হবে। ইজারা গ্রহীতা বাজার নিজ খরচে পরিষ্কার না করিলে অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে।

২৮.০৬.২২

হালিমা খাতুন
উপজেলা নির্বাহী অফিসার
বুড়িচং, কুমিল্লা।

## শর্তাবলী

০১. প্রতিটি হাটের প্রবেশপথে "মাস্ক ব্যতীত হাটে প্রবেশ নিষেধ" এবং "No Mask, No Entry & No Mask, No Sale" – এ লেখাটি ব্যানারে লিখে প্রয়োজনীয় সংখ্যক স্থানে সাঁটানোর ব্যবস্থা গ্রহণপূর্বক ব্যাপক প্রচারণাসহ উপস্থিত সকলকে মাস্ক পরিধানের বিষয়টি নিশ্চিত করতে হবে ;

০২. কোরবানীর পশুর হাট ব্যবস্থাপনা এবং পশু কোরবানীকালীন স্বাস্থ্য বিভাগ প্রণীত গাইডলাইন যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করতে হবে ;

০৩. সড়ক/মহাসড়কের ওপর বা সন্নিকটে এবং কোন বিদ্যালয়ের মাঠে কোন ক্রমেই পশুর হাট বসানো যাবে না। এ নির্দেশনা অমান্যকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্টের মাধ্যমে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে ;

০৪. কোরবানীর পশুর হাটে ক্রেতা-বিক্রেতার একমুখী চলাচল থাকতে হবে। অর্থাৎ প্রবেশপথ এবং বহির্গমনের পথ পৃথক হতে হবে। পাশাপাশি সকলে যাতে স্বাস্থ্যবিধি অনুসরণ করে, তা নিশ্চিত করতে হবে। ক্রেতা-বিক্রেতা প্রত্যেকের হাটের প্রবেশ মুখে তাপমাত্রা মাপার যন্ত্র এবং হাত ধোয়ার জন্য পর্যাপ্ত বেসিন, পানি, জীবাণুনাশক সাবান থাকতে হবে ;

০৫. অস্থায়ী পশুর হাট স্থাপন বা ইজারা প্রদান বা মালিকানার বিষয়ে বিজ্ঞ আদালতে কোন মামলা মোকদ্দমা সংক্রান্ত আইনগত জটিলতা থাকলে বিজ্ঞ আদালতের সর্বশেষ আদেশ বাস্তবায়ন করতে হবে ;

০৬. অস্থায়ী পশুর হাট স্থাপনের জন্য অনুমোদন প্রদানকৃত স্থানসমূহ ব্যতীত অন্যত্র অধিকতর সুবিধাজনক স্থানে অস্থায়ী পশুর হাট স্থাপন করা যাবে না।

০৭. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে।

এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাইবে না।

০৮. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

০৯. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

১০. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

১১. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না।

১২. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৩. ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৪. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

১৫. সকল পশুর হাটে পশুর সুস্থতা যাচাই করার জন্য ভেটেরিনারি চিকিৎসক/সার্জন এর অবস্থান নিশ্চিত করা এবং কোরবানীর পশুর হাটে জাল নোট সনাক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ;

১৬. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

উপজেলা নির্বাহী অফিসার
বুড়িচং, কুমিল্লা।

স্মারক নম্বরঃ ০৫.৪২.১৯১৮.০০০.৩১.০০২.২২- ৭০৬

তারিখঃ ২৮.০৬.২০২২ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)-

১. জেলাপ্রশাসক, কুমিল্লা।
২. পুলিশ সুপার, কুমিল্লা।
৩. সিভিল সার্জন, কুমিল্লা।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন, কুমিল্লা।
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বুড়িচং, কুমিল্লা।
৭. সহকারী কমিশনার (ভূমি), বুড়িচং, কুমিল্লা।
৮. সহকারী কমিশনার (স্থানীয় সরকার), জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা।
৯. অফিসার ইনচার্জ, বুড়িচং থানা, কুমিল্লা। সংশ্লিষ্ট তারিখ ও সময়সূচী অনুযায়ী দরপত্র দাখিল, খোলা ও বাছাইকালে নিরাপত্তা বিধানে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন করার জন্য অনুরোধ করা হলো।
১০. উপজেলা.......................................অফিসার (সকল), বুড়িচং, কুমিল্লা।
১১. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বুড়িচং, কুমিল্লা।